গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
(সাধারণ শাখা)

# গণবিজ্ঞপ্তি

বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানোর জন্য বিদ্যুৎ ও জ্বালানির সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (সংশোধিত ২০১৫) এর আওতায় ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন সুতিয়াখালীতে Build Own Operate (BOO) basis এ 50 MW (AC) ক্ষমতাসম্পন্ন ২০ বৎসর মেয়াদী Grid Tide Solar PV based বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হবে। HETAT-DETROLIC-IFDC Solar Joint Venture Project হিসাবে HDFC SinPower Ltd. এর সহিত বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী পাওয়ার ইভাকুয়েশন এর জন্য কোম্পানী প্রকল্পের স্থান গৌরীপুর উপজেলার সুতিয়াখালী হইতে ময়মনসিংহ গ্রিড সাব-স্টেশন পর্যন্ত প্রয়োজনীয় ৫.২ কিলোমিটার ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ করবে।

১৯১০ সালের বিদ্যুৎ আইনের ৫১ ধারা এবং ১৮৮৫ সালের টেলিগ্রাফ আইনের ১০-১৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে পাওয়ার গ্রিড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) এই ধরণের বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ করতে পারে।

বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন ২০১০ (সংশোধিত ২০১৫) এর আওতায় প্রকল্প স্থান গৌরীপুর উপজেলার সুতিয়াখালী হতে কেওয়াটখালী, ময়মনসিংহ গ্রিড সাবষ্টেশন পর্যন্ত ৫.২ কিলোমিটার ১৩২ কেভি ওভারহেড সঞ্চালন লাইন নির্মাণ কাজে দীর্ঘ সময় লাগতে পারে এবং এ সময়ে যেসকল এলাকার উপর দিয়ে লাইনটি নির্মাণ করা হবে সেসকল এলাকার ফসলাদি, ঘরবাড়ি ও গাছপালার ক্ষতি হতে পারে বিধায় পিজিসিবি বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হারে ক্ষতিগ্রস্থ সকল মালিককে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। এ ক্ষতিপূরণের অর্থ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ প্রত্যেক বছরের উৎপাদন ব্যয় ইত্যাদি এবং ক্ষতিগ্রস্থ ফসলাদির ক্ষতির পরিমাণের প্রেক্ষিতে নির্ধারণ করে দিবেন। উল্লেখ্য যে, উক্ত সঞ্চালন লাইন নির্মাণের জন্য বিদ্যমান আইন অনুযায়ী জমির কোন ক্ষতিপূরণ দেয়া হবেনা। তবে বৃক্ষরাজি ও ফসলাদির ক্ষতিপূরণ দেয়া হবে।

দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে গুরুত্বপূর্ণ এই প্রকল্পটির কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকার সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

যে সকল এলাকার উপর দিয়ে উক্ত বিদ্যুৎ সঞ্চালন লাইনটি নির্মাণ করা হবে সে সকল এলাকার উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, অন্যান্য সরকারী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্যবৃন্দকে প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উক্ত প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।


(মোঃ খলিলুর রহমান)
জেলা প্রশাসক
ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৫৭৭৭ (অঃ)
০৯১-৬৫৭৮৮ (বাঃ)
e-mail : dcmymensingh@mopa.gov.bd